



# বাংলাদেশ ব্যাংক

হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১  
প্রধান কার্যালয়  
ঢাকা।



বিজ্ঞপ্তি নং- ৪০/২০২১

তারিখঃ ৩১ জ্যৈষ্ঠ, ১৪২৮  
১৪ জুন, ২০২১

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ব্যাংকের আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগের Legal Affairs Cell-এ চুক্তিভিত্তিক আইন পরামর্শক নিয়োগের নিমিত্তে বাংলাদেশী আইনজীবীদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। উক্ত পদের কার্যপরিধি (TOR) ও অন্যান্য শর্তাবলী নিম্নরূপঃ

- ০১) শিক্ষাগত যোগ্যতা : প্রার্থীকে যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আইন বিষয়ে ন্যূনতম দ্বিতীয় শ্রেণীর (সমমানের সিজিপিএ) স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রীধারী হতে হবে। এছাড়া, তাকে বাংলাদেশ বার কাউন্সিল এর সনদধারী হতে হবে।
- ০২) অভিজ্ঞতা : ক) আইন পেশায় ১৫(পনের)বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। তন্মধ্যে ন্যূনতম ১০(দশ) বছর উচ্চ আদালতে মামলা পরিচালনার অভিজ্ঞতা থাকতে হবে।  
খ) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের বিধি বিধান এবং ব্যাংকিং সংক্রান্ত মামলা পরিচালনার অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে।  
গ) বার-এট-ল/আইন বিষয়ে পিএইচডি ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেয়া হবে।
- ০৩) সর্বোচ্চ বয়সসীমা : ৫০ বছর (প্রথমবার চুক্তিভুক্ত হওয়ার জন্য নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত আবেদন জমা দেওয়ার সর্বশেষ তারিখে)।
- ০৪) মাসিক সম্মানী : সর্বসাকুল্যে ৳৫০,০০০.০০(টাকা পঞ্চাশ হাজার মাত্র)। তবে উক্ত অর্থের উপর সরকারি নিয়মানুযায়ী প্রযোজ্য হারে আয়কর কর্তন করা হবে।
- ০৫) চুক্তির মেয়াদ : ০২(দুই) বছর। প্রয়োজনে উভয় পক্ষের আলোচনা ও সম্মতিক্রমে নবায়নযোগ্য।
- ০৬) কার্যপরিধি(TOR): ক) জরুরী মামলাসমূহ চিহ্নিতকরণ এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সহায়তাকরণ;  
খ) নিয়োগকৃত আইনজীবীকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান;  
গ) রেজিস্ট্রার অফিস, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বিভিন্ন মন্ত্রণালয়সহ বাংলাদেশ ব্যাংকের বিভিন্ন বিভাগ ও শাখা অফিসের সাথে তথ্যের আদান প্রদানে সহায়তাকরণ;  
ঘ) লিগ্যাল নোটিশ এর জবাব প্রদানে সহায়তাকরণ;  
ঙ) যে কোন নীতি/প্রবিধি প্রণয়নে মতামত প্রদানের পূর্বে বা গাইডলাইন ও সার্কুলার প্রণয়নের পূর্বে Vetting করণ;  
চ) আদালতে চলমান মামলাসমূহ নিয়মিতভাবে তদারকীকরণ;  
ছ) বিভাগীয় যেকোন প্রয়োজনে আইগত মতামত প্রদান;  
জ) উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশক্রমে যে কোন কার্যক্রম গ্রহণ।
- ০৭) অন্যান্য শর্তাবলী : ক) বাংলাদেশ ব্যাংকের বিপক্ষে/বিরুদ্ধে কোন মামলা গ্রহণ ও পরিচালনা করতে পারবেন না।  
খ) প্রতি কর্মদিবসে একটি নিদিষ্ট সময়ে ন্যূনতম ০৩(তিন) ঘন্টা সময়ের জন্য বাংলাদেশ ব্যাংকের আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগের Legal Affairs Cell-এ অবস্থান করতে হবে।
- ০৮) প্রার্থীদেরকে ব্যাংক কর্তৃক মনোনীত নির্বাচনী কমিটির নিকট সাক্ষাৎকারে অবতীর্ণ হতে হবে।

আগ্রহী প্রার্থীদেরকে পূর্ণ জীবন বৃত্তান্তসহ আবেদনপত্র মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এই ঠিকানায় সরাসরি বা ডাকযোগে অথবা [gm.hrd@bb.org.bd](mailto:gm.hrd@bb.org.bd) বরাবর ই-মেইল যোগে আগামী ১৩/০৭/২০২১ তারিখের মধ্যে পৌঁছাতে হবে। আবেদনপত্রের সাথে সত্যায়িত ০৩(তিন) কপি ছবি, সকল শিক্ষাগত ও পেশাগত যোগ্যতা এবং অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন/পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত জাতীয়তার সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/স্মার্ট কার্ডের সত্যায়িত অনুলিপি প্রেরণ করতে হবে।

উল্লেখ্য, বাংলাদেশ ব্যাংক কর্তৃপক্ষ প্রার্থীদের কাউকে নিয়োগ প্রদান করা বা না করার ক্ষেত্রে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের অধিকার সংরক্ষণ করে।

স্বাক্ষরিত /-  
(কাজী আকতারুল ইসলাম)  
মহাব্যবস্থাপক